# সোনালী ব্যাংক লিমিটেড

২০১৮-১৯ অর্থবছরের জন্য উদ্ভাবনী ধারণার তথ্য

<u>ধারণা ১:</u>

| | | |
|---|---|---|
| ১ | উদ্ভাবনী ধারণার শিরোনামঃ | Loan Origination System (LOS) |
| ২ | পরিচিতিঃ | বর্তমান পদ্ধতিতে শাখা কর্তৃক প্রেরিত ঋণ প্রস্তাব অনুমোদনের প্রক্রিয়াটি দীর্ঘ ও সময়সাপেক্ষ। Loan Origination System সফটওয়্যার ব্যবহার করে শাখার কর্মকর্তাগণ খুব সহজে এবং দ্রুততার সাথে ঋণ প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষের নিকট অনুমোদনের জন্য উপস্থাপন করতে পারবেন। এছাড়াও গ্রাহকগণকে আবেদনকৃত ঋণের অগ্রগতি সম্পর্কে প্রয়োজনীয় তথ্য দিয়ে সহায়তা করা সম্ভব হবে। ঋণ অনুমোদন পরবর্তী সময়ে মনিটরিং এবং ঋণ আদায়ে LOS গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। |
| ৩ | উদ্দেশ্যঃ | মূল উদ্দেশ্য, ঋণ বিতরণ প্রক্রিয়া সহজীকরণ ও সেবার মানোন্নয়ন। Loan Origination System এর ব্যবহার ব্যাংক ও গ্রাহকের কর্মঘন্টা সাশ্রয়ের মাধ্যমে ঋণ বিতরণ প্রক্রিয়া গতিশীল করার পাশাপাশি গ্রাহক সন্তুষ্টি বৃদ্ধিতে সহায়তা করবে। |
| ৪ | কর্মপদ্ধতিঃ | LOS একটি Integrated Web Based সফটওয়্যার, যার মাধ্যমে শাখার ব্যবহারকারীগণ ঋণের আবেদনসহ যাবতীয় দলিলাদি উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে অনুমোদনের জন্য উপস্থাপন করতে পারবেন। সেবার কর্মপদ্ধতি নিম্নরূপঃ<br>ক) ঋণের আবেদনসহ সংশ্লিষ্ট সকল কাগজাদি বিধিমোতাবেক শাখা পর্যায়ে গ্রহণ করা হবে<br>খ) আবেদন যাচাই-বাছাই পূর্বক দলিলাদি সঠিক প্রতীয়মান হলে ঋণ কর্মকর্তা কর্তৃক LOS সিস্টেমে গ্রাহকের নামে একটি ইউনিক কাস্টমার আইডি তৈরি করা হবে<br>গ) LOS এর নির্দিষ্ট মডিউল-এ প্রয়োজনীয় তথ্য পূরণ করে ঋণ প্রস্তাবের Scanned Copy ওয়েব বেইসড সিস্টেমে আপলোড করা হবে<br>ঘ) LOS System এ আপলোডকৃত ঋণ প্রস্তাব অনুমোদনের জন্য উর্ধ্বতন কর্মকর্তা/নিয়ন্ত্রণকারী কার্যালয়ে উপস্থাপন করা হবে<br>ঙ) সংশ্লিষ্ট কর্মকর্তা/কার্যালয় LOS এর মাধ্যমে প্রস্তাবিত ঋণ আবেদন বিচার-বিশ্লেষণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা (অনুমোদন/বাতিল/মন্তব্য) গ্রহণ করবেন অথবা প্রযোজ্য ক্ষেত্রে বোর্ড-এ উপস্থাপন করবেন<br>চ) বোর্ড কর্তৃক গৃহীত সিদ্ধান্তসমূহ সংশ্লিষ্ট কার্যালয়/কর্মকর্তার LOS নোটিফিকেশন-এ স্বয়ংক্রিয়ভাবে প্রদর্শিত হবে<br>ছ) কর্তৃপক্ষীয় সিদ্ধান্ত অনুযায়ী শাখার কর্মকর্তা প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন |

Information Technology Division
(Business IT)
Sonali Bank Limited, Head Office, Dhaka

| | | |
|---|---|---|
| ৫ | উপকারিতা/সুফলঃ | LOS এর মাধ্যমে নিম্নলিখিত সুবিধাসমূহ পাওয়া সম্ভব হবেঃ<br>ক) ঋণ বিতরণ প্রক্রিয়া সহজতর হবে, ফলে গ্রাহক সন্তুষ্টি বৃদ্ধি পাবে।<br>খ) প্রচলিত পদ্ধতিতে ঋণ বিতরণে শাখা থেকে নিয়ন্ত্রণকারী কার্যালয়ে প্রস্তাব পাঠানোর ক্ষেত্রে প্রচুর সময় ও অর্থের অপচয় হয়, যা LOS এর মাধ্যমে অনেকাংশে লাঘব হবে<br>গ) স্বল্প সময়ে ঋণ বিতরণ করা যাবে<br>ঘ) গ্রাহকগণ ঘরে বসেই SMS এর মাধ্যমে আবেদনকৃত ঋণের অবস্থা সম্পর্কে জানতে পারবেন<br>ঙ) e-Reporting এর ব্যবস্থা রয়েছে<br>চ) কর্তৃপক্ষ যেকোন সময় প্রক্রিয়াধীন ঋণের সামগ্রিক অবস্থা সম্পর্কে জানতে পারবেন<br>ছ) স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে<br>জ) ঋণ আদায় ও মনিটরিং ব্যবস্থা জোরদার হবে |
| ৬ | বাস্তবায়ন ও পরিচালন ব্যয়ঃ | Application সার্ভার (২ টি) = ৪০,০০,০০০/-<br>Database সার্ভার (২ টি) = ১,০০,০০,০০০/-<br>**মোটঃ ১,৪০,০০,০০০/-** |
| ৭ | বাস্তবায়ন সময়কাল (সম্ভাব্য তারিখসহ) | ৩০ জুন, ২০১৯ |
| ৮ | সুবিধাভোগীর ব্যয় (যদি থাকে) | সুবিধাভোগীর কোন ব্যয় নেই। |
| ৯ | সম্প্রসারণের সুযোগ (যদি থাকে) | সফল পাইলটিং সম্পন্ন হলে দেশব্যাপী সকল শাখায় সম্প্রসারণ করা হবে। |
| ১০ | সম্ভাব্য ঝুঁকিঃ | ক) নেটওয়ার্ক এর প্রাপ্যতা/ধীরগতি সম্পন্ন নেটওয়ার্ক<br>খ) গ্রাহকের অসচেতনতা |

| প্রত্যাশিত ফলাফল (TCV) | | | |
|---|---|---|---|
| বিষয় | সময় (T) | খরচ (C) | যাতায়াত (V) |
| আইডিয়া বাস্তবায়নের পূর্বে | ১৫ দিন | ১০০.০০ টাকা | ৪ বার |
| আইডিয়া বাস্তবায়নের পরে | ৩ দিন | ০.০০ | ২ বার |
| আইডিয়া বাস্তবায়নের ফলে সেবাগ্রীতার প্রত্যাশিত সুবিধা | ১২ দিন | ১০০.০০ টাকা | ২ বার |

<u>ধারণা প্রদানকারী কর্মকর্তা/কর্মচারীর নাম ও পদবীঃ</u>

আবু বকর সিদ্দিক
সিনিয়র প্রিন্সিপাল অফিসার

Information Technology Division (Business IT) Sonali Bank Limited, Head Office

# সোনালী ব্যাংক লিমিটেড

২০১৮-১৯ অর্থবছরের জন্য উদ্ভাবনী ধারণার তথ্য

<u>ধারণা ২:</u>

| | | |
|---|---|---|
| ১ | উদ্ভাবনী ধারণার শিরোনামঃ | Online Sanchaypatra System |
| ২ | পরিচিতিঃ | বাংলাদেশ জাতীয় সঞ্চয় অধিদপ্তরের অধীনে জনগণকে সঞ্চয়ী হতে উদ্বুদ্ধ করা ও বিক্ষিপ্তভাবে ছড়িয়ে থাকা ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয়, জাতীয় সঞ্চয় স্কীমের মাধ্যমে আহরণ করার উদ্দেশ্যে এবং জনসাধারণের নির্ঝঞ্ঝাট অর্থ বিনিয়োগের পথ প্রশস্ত করার পদ্ধতির নাম সঞ্চয়পত্র। বর্তমানে সঞ্চয়পত্রের মুনাফা গ্রাহকের অনুকূলে ইস্যুকৃত কুপন অনুযায়ী ম্যানুয়াল পদ্ধতিতে প্রদান করা হয়, যা সময়সাপেক্ষ। Online Sanchaypatra System বিদ্যমান প্রক্রিয়াকে automated করার পাশাপাশি সেবার মানোন্নয়নসহ গ্রাহক সন্তুষ্টি বৃদ্ধি করবে। |
| ৩ | উদ্দেশ্যঃ | সঞ্চয়পত্র বিক্রয়, মুনাফা প্রদান, নগদায়নসহ সঞ্চয়পত্র সংশ্লিষ্ট বিবরণী, পুনর্ভরণ ইত্যাদি কার্যাবলী Automation এর মাধ্যমে গ্রাহকসহ ব্যাংকের মূল্যবান কর্মঘন্টা ও অর্থ সাশ্রয় এবং লেনদেনে গতিশীলতা বৃদ্ধি করা। |
| ৪ | কর্মপদ্ধতিঃ | Online Sanchaypatra System সেবার কর্মপদ্ধতি নিম্নরূপঃ<br>ক) সংশ্লিষ্ট শাখা সমূহের সহায়তায় প্রধান কার্যালয়ে গ্রাহকদের তথ্য সম্বলিত একটি Database প্রণয়ন করা হবে। উক্ত Database অনুযায়ী প্রত্যেক গ্রাহকের একটি Unique রেজিস্ট্রেশন নম্বর থাকবে। গ্রাহক যখন কোন শাখায় সঞ্চয়পত্র ক্রয় করতে আসবেন, তখন ক্রেতার যাবতীয় তথ্য Central Database এ সংরক্ষণ করা হবে।<br>খ) গ্রাহক নগদ এবং ট্রান্সফার এই দু'টি পদ্ধতিতে সঞ্চয়পত্রের মুনাফার অর্থ গ্রহন করতে পারবেন। ট্রান্সফারের মাধ্যমে ব্যক্তিগত হিসাবে জমা করতে হলে গ্রাহককে এই মর্মে একটি প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।<br>গ) ক্রেতা মুনাফার অর্থ নেয়ার সময় সংশ্লিষ্ট শাখায় এসে কুপনে স্বাক্ষর করে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কাছে জমা দিবেন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা গ্রাহকের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে Software এ মুনাফার অর্থ নিশ্চিত পূর্বক Software Generated Voucher এর মাধ্যমে পেমেন্টের ব্যবস্থা করবেন। ট্রান্সফারের মাধ্যমে মুনাফা গ্রহনের ক্ষেত্রে প্রাপ্য অর্থ যথাসময়ে ও স্বয়ংক্রিয়ভাবে গ্রাহকের ব্যক্তিগত হিসাবে জমা হবে এবং SMS এর মাধ্যমে নিশ্চিত করা হবে।<br>ঘ) প্রতি কার্যদিবস শেষে শাখাসমূহ সঞ্চয়পত্র সফটওয়্যার হতে Coupon Payment, Leaf Payment এবং Sales এর রিপোর্ট সংগ্রহ পূর্বক নিয়ন্ত্রণাধীন কার্যালয়ের মাধ্যমে Bangladesh Bank এ প্রেরণের ব্যবস্থা করবে। |

Information Technology Division (Business IT) Sonali Bank Limited, Head Office, Dhaka

| | | |
|---|---|---|
| ৫ | উপকারিতা/সুফলঃ | Online Sanchaypatra System এর মাধ্যমে নিম্নলিখিত সুবিধাসমূহ পাওয়া সম্ভব হবেঃ<br>ক) গ্রাহকগণ খুব সহজে ও কম সময়ে মুনাফার টাকা গ্রহন করতে পারবেন<br>খ) গ্রাহক চাইলে তার মুনাফার টাকা সোনালী ব্যাংকের যেকোন শাখার ব্যক্তিগত হিসাবে গ্রহন করতে পারবেন<br>গ) মুনাফার টাকা যথাসময়ে ও স্বয়ংক্রিয়ভাবে গ্রাহকের হিসাবে জমা হবে<br>ঘ) গ্রাহকসহ ব্যাংকের মূল্যবান কর্মঘন্টা ও অর্থ সাশ্রয় হবে |
| ৬ | বাস্তবায়ন ও পরিচালন ব্যয়ঃ | Application ও Database সার্ভার (বিদ্যমান)<br>Rack Server = ১৯,২৪,০০০/-<br>**মোটঃ = ১৯,২৪,০০০/-** |
| ৭ | বাস্তবায়ন সময়কাল (সম্ভাব্য তারিখসহ) | ৩০ জুন, ২০১৯ |
| ৮ | সুবিধাভোগীর ব্যয় (যদি থাকে) | যাতায়াত খরচ ব্যতীত সুবিধাভোগীর কোন ব্যয় নেই। |
| ৯ | সম্প্রসারণের সুযোগ (যদি থাকে) | সফল পাইলটিং সম্পন্ন হলে দেশব্যাপী সকল শাখায় সম্প্রসারণ করা হবে। |
| ১০ | সম্ভাব্য ঝুঁকিঃ | ক) নেটওয়ার্ক এর প্রাপ্যতা/ধীরগতি সম্পন্ন নেটওয়ার্ক<br>খ) গ্রাহকের অসচেতনতা |

| প্রত্যাশিত ফলাফল (TCV) | | | |
|---|---|---|---|
| বিষয় | সময় (T) | খরচ (C) | যাতায়াত (V) |
| আইডিয়া বাস্তবায়নের পূর্বে | ৩ ঘন্টা | ৫০.০০ টাকা | ১ বার |
| আইডিয়া বাস্তবায়নের পরে | ৫ মিনিট | ৫০.০০ টাকা | ১ বার |
| আইডিয়া বাস্তবায়নের ফলে সেবাগ্রীতার প্রত্যাশিত সুবিধা | ২ ঘন্টা ৫৫ মিনিট | ০.০০ টাকা | ০ বার |

<u>ধারণা প্রদানকারী কর্মকর্তা/কর্মচারীর নাম ও পদবীঃ</u>

পার্থ প্রতিম বসু
ইঞ্জিনিয়ার (আইটি)

Information Technology Division (Business IT) Sonali Bank Limited, Head Office, Dhaka

# সোনালী ব্যাংক লিমিটেড

২০১৮-১৯ অর্থবছরের জন্য উদ্ভাবনী ধারণার তথ্য

ধারণা ৩:

| | | |
|---|---|---|
| ১ | উদ্ভাবনী ধারণার শিরোনামঃ | Internet Banking |
| ২ | পরিচিতিঃ | বর্তমান যুগ তথ্য-প্রযুক্তির যুগ, যার ব্যবহার ব্যাংকিং ব্যবস্থায় এনেছে আমূল পরিবর্তন। ফলশ্রুতিতে আমাদের জীবন হয়ে উঠছে সহজ থেকে সহজতর। আর আধুনিক ব্যাংকিং ব্যবস্থায় এমনই একটি প্রযুক্তি হচ্ছে ইন্টারনেট ব্যাংকিং। ইন্টারনেটের মাধ্যমে সাধারণত যে ব্যাংকিং কার্যক্রম পরিচালিত হয় তাকেই ইন্টারনেট ব্যাংকিং বা অনলাইন ব্যাংকিং বলা হয়। এক্ষেত্রে ইন্টারনেটে যুক্ত হয়ে ব্যাংকের নির্দিষ্ট সুরক্ষিত Website এর মাধ্যমে একজন গ্রাহক তার ব্যাংক একাউন্টে প্রবেশ করবেন। একাউন্টে প্রবেশের জন্য ব্যাংক কর্তৃক গ্রাহককে প্রয়োজনীয় তথ্য (সাধারণত একটি ID ও Password) সরবরাহ করা হয়। উক্ত সরবরাহকৃত তথ্য ব্যাংকের নির্দিষ্ট Website এ ইনপুট দিয়ে গ্রাহক তার একাউন্ট এ প্রবেশ করতে পারবেন এবং একাউন্ট সংক্রান্ত বিবিধ ব্যাংকিং সেবা (Cash Transaction ব্যতীত) যেকোন সময় যেকোন স্থান হতে গ্রহণ করতে পারবেন। |
| ৩ | উদ্দেশ্যঃ | মূল উদ্দেশ্য, দেশের সর্ববৃহৎ রাষ্ট্রায়ত্ব ব্যাংকের গ্রাহকদের ৩৬৫ দিন, ২৪*৭ ব্যাংকিং সেবার আওতায় আনা এবং দেশের আর্থ-সামাজিক উন্নয়নে অর্থনৈতিক গতিশীলতা বৃদ্ধি করা। এতে গ্রাহকসহ ব্যাংকের মূল্যবান কর্মঘন্টা ও অর্থ সাশ্রয় হবে। |
| ৪ | কর্মপদ্ধতিঃ | Internet Banking সেবার কর্মপদ্ধতি নিম্নরূপঃ<br>ক) Internet Banking এর জন্য গ্রাহক শাখায় আবেদন পূর্বক একটি গোপন ID ও Password প্রাপ্ত হবেন<br>খ) গ্রাহকগণ Internet Connectivity সম্পন্ন Device (Mobile/ Computer/Laptop ইত্যাদি) এর Browser ব্যবহার করে ব্যাংক কর্তৃক নির্ধারিত Website এ প্রবেশ করবেন<br>গ) অতঃপর Website এর Log In Screen এ ব্যাংক হতে সরবরাহকৃত ID ও Password ব্যবহার করে Log In করবেন<br>ঘ) Log In সম্পন্ন হলে Website এ বিদ্যমান সেবা সংশ্লিষ্ট নির্ধারিত Menu ব্যবহার করে কাঙ্খিত সেবা গ্রহন করবেন<br>ঙ) সেবা গ্রহন সম্পন্ন হলে Website এর Log Out option ব্যবহার করে Log Out করবেন |
| ৫ | উপকারিতা/সুফলঃ | যেকোন সময় যেকোন স্থান হতে নিম্নলিখিত সেবাসমূহ পাওয়া সম্ভব হবেঃ<br>ক) ৩৬৫ দিন, ২৪*৭ তথ্য প্রাপ্তির সুবিধা<br>খ) নিজ হিসাব হতে অন্য হিসাবে অর্থ স্থানান্তর<br>গ) নিজের একাধিক হিসাবে অর্থ স্থানান্তর<br>ঘ) ইউটিলিটি বিল পরিশোধ (যেমন: বিদ্যুৎ, পানি, গ্যাস, টেলিফোন, মোবাইল, ইন্টারনেট ইত্যাদি)<br>ঙ) সোনালী ব্যাংক লিমিটেড এর Credit Card বিল পেমেন্ট<br>চ) তাৎক্ষণিক হিসাব বিবরণী প্রাপ্তি<br>ছ) চেক বই এর জন্য অনুরোধ |

Information Technology Division (Business IT) Sonali Bank Limited, Head Office

| | | |
|---|---|---|
| ৬ | বাস্তবায়ন ও পরিচালন ব্যয়ঃ | Application সার্ভার (৪ টি) = ৮০,০০,০০০/-<br>Database সার্ভার (৪ টি) = ১,০০,০০,০০০/-<br>Load Balancer (৪ টি) = ৪,০০,০০,০০০/-<br>প্রচারণাঃ = ১,০০,০০০/-<br>**মোটঃ ৫,৮১,০০,০০০/-** |
| ৭ | বাস্তবায়ন সময়কাল (সম্ভাব্য তারিখসহ) | ৩০ জুন, ২০১৯ |
| ৮ | সুবিধাভোগীর ব্যয় (যদি থাকে) | Internet Connectivity ব্যয় |
| ৯ | সম্প্রসারণের সুযোগ (যদি থাকে) | বাস্তবায়িত হলে সকল গ্রাহক একযোগে এই সেবার আওতায় আসবেন |
| ১০ | সম্ভাব্য ঝুঁকিঃ | ক) নেটওয়ার্ক এর প্রাপ্যতা/ধীরগতি সম্পন্ন নেটওয়ার্ক<br>খ) গ্রাহকের অসচেতনতা |

| প্রত্যাশিত ফলাফল (TCV) | | | |
|---|---|---|---|
| বিষয় | সময় (T) | খরচ (C) | যাতায়াত (V) |
| আইডিয়া বাস্তবায়নের পূর্বে | ১ দিন | ৫০.০০ টাকা | ১ বার |
| আইডিয়া বাস্তবায়নের পরে | ৫ মিনিট | ৩.০০ টাকা | ০ বার |
| আইডিয়া বাস্তবায়নের ফলে সেবাগ্রীতার প্রত্যাশিত সুবিধা | দ্রুততম সময়ে | ন্যূনতম খরচে | শাখায় আসার প্রয়োজন নেই |

Information Technology Division
Business IT
Limited, Head Office, Dhaka

ধারণা প্রদানকারী কর্মকর্তার নাম ও পদবীঃ

ওমর ফারুক খন্দকার
চীফ ইনফরমেশন টেকনোলজি অফিসার